দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।” নারী কন্যার সুরক্ষা করি, সহিংসতা মুক্ত বিশ্ব গড়ি ” স্লোগানক সামনে রেখে আজ সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে প্রথমে উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়, পরবর্তীতে র্যালী শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, এসময় তিনি বলেন নারীরা হলো মায়ের জাতি, প্রতিটি মা তার সন্তানকে ভালোবাসে এবং একজন আদর্শবান মানুষ হিসেবে তার সন্তানকে দেখতে চাই। একজন নারী তার সন্তানের প্রথম শিক্ষক, আমরা যারা সবল তারা কখনই দুর্বলদের ওপর নির্যাতন করবো না, আমি যদি নিজে সচেতন হয়ে নিজেকে সঠিকভাবে গড়ে তুলতে পারি তাহলে অবশ্যই পরবর্তী জেনারেশন সুন্দরভাবে গড়ে উঠবে। এ সময় তিনি কবি নজরুল ইসলামের লেখার উদ্ধৃতি দিয়ে বলেন এ বিশ্বে যা কিছু সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এই অনুষ্ঠান করার মূল উদ্দেশ্য হলো সমাজে নারীরা কিভাবে বা কী কারণে নির্যাতনের শিকার হচ্ছে সেগুলো চিহ্নিত করে সমাধানকল্পে উদ্বুদ্ধ করা। তিনি আরো বলেন বর্তমান সমাজে প্রচলিত আছে পুরুষরাই নারীদের নির্যাতন করে এটা ঠিক না নারীরাও নারীদের নির্যাতন করে যেমন প্রতিটি পরিবারই কম বা বেশি তার উদাহরণ। নারীরাও নারীদের মাধ্যমে মানসিক ও শারীরিকভাবে নির্যাতিত হয় থাকে সেটা কোনভাবে কাম্য নয়, এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে ছোটখাটো ভুল ত্রুটি গুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে আলোচনা সাপেক্ষে সমাধান করতে হবে। নারী এবং পুরুষ সবাইকে সমতার দৃষ্টিতে দেখে সুন্দরভাবে সমাজ গড়ে তুলতে হবে। বাল্যবিবাহ কাম্য নয় এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে। সমাজে যারা আমরা সবল আছি মহানুভবতার দৃষ্টিকোণ থেকে দুর্বলদের সাহায্যের জন্য আমাদেরকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত নারীদের উদ্দেশ্যে তিনি বলেন এ অনুষ্ঠানে অংশগ্রহণ করে আপনারা সচেতন হবেন এবং আমার আপনার সমাজের প্রতিটি মানুষকে নির্যাতন সম্পর্কে সচেতন করবেন। আমাদের সরকারিভাবে হট লাইন নাম্বার আছে এবং প্রতিটি উপজেলায় মহিলা বিষয়ক কার্যালয় রয়েছে আপনারা যোগাযোগ করবেন আমরা সব সময় আপনাদের পাশে থাকব।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মচারীবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নারী সদস্য বৃন্দরা।